সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়
ডাইরী নং ৯৫২ তারিখ ০১/১২/২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
চট্টগ্রাম কেন্দ্র।

নং-১৫.৫৪.১৫০০.০৪২.১৮.২৫৮.২২. ৭৬৯৪

তারিখঃ ১৪ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
২৯ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

## সেবা প্রদান বিষয়ে চট্টগ্রাম কেন্দ্রের সংবাদ পাঠক-পাঠিকাদের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

তারিখঃ ২৫.১১.২০২২।
সময়ঃ বিকাল ৩.০০ ঘটিকা।
স্থানঃ সভা কক্ষ।
সভাপতিঃ জনাব অনুপ কুমার খাস্তগীর, উপমহাপরিচালক (বার্তা), বাংলাদেশ টেলিভিশন।
সভায় উপস্থিতিঃ পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভাপতি সভার শুরুতেই বিটিভি, চট্টগ্রাম কেন্দ্রে স্কুল পর্যায়ে ১ম জাতীয় ইংরেজি বিতর্ক প্রতিযোগিতা উদ্বোধনী অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পন্ন করায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান। সভায় চট্টগ্রাম কেন্দ্রের জেনারেল ম্যানেজার সভাপতির অনুমতিক্রমে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সংবাদ পাঠক-পাঠিকাদের মতামত প্রদানের জন্য অনুরোধ জানালে তাঁরা স্ব-স্ব পরিচয় প্রদানপূর্বক এ ধরণের সভা আয়োজন করায় সভাপতি ও জেনারেল ম্যানেজারকে ধন্যবাদ জানান।

০২। বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়;

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | সংবাদ পাঠক-পাঠিকাদের দক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষণ/ সমিনারের আয়োজন | সংবাদ পাঠক-পাঠিকাগণ সভায় বলেন, বর্তমানে চট্টগ্রাম কেন্দ্রের সংবাদের মান পূর্বের তুলনায় অনেক উন্নতি হয়েছে। মার্জিত, রুচি সম্পন্ন ও আকর্ষণীয় সংবাদ উপস্থাপনাসহ দর্শক জনপ্রিয়তা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণের বিকল্প নেই। এ প্রেক্ষিতে সংবাদ পাঠক-পাঠিকাদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ/সেমিনারের আয়োজনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত:** সংবাদ পাঠক-পাঠিকাদের দক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষণ/ সেমিনারের আয়োজন করতে হবে | জেনারেল ম্যানেজার/ প্রযোজক (বার্তা) |
| ০২. | বাংলা সংবাদের সময় বৃদ্ধি | বর্তমানে চট্টগ্রাম কেন্দ্র থেকে ১৫.০০ মি: ব্যাপ্তির বাংলা সংবাদ প্রচার করা হচ্ছে। বাংলা সংবাদের সময় বৃদ্ধি করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত:** বিটিভি, চট্টগ্রাম কেন্দ্র থেকে বাংলা সংবাদ বৃদ্ধির জন্য অনুষ্ঠানের সাথে সমন্বয় করে সদর দপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে। | জেনারেল ম্যানেজার/ প্রযোজক (বার্তা) |
| ০৩. | আলাদা মেকাপ রুমের ব্যবস্থা করাসহ মনিটর সংযোজন, মেকাপ আর্টিস্টের সংখ্যা বৃদ্ধিসহ আলাদা ওয়াশরুমের ব্যবস্থা | সংবাদ পাঠক-পাঠিকাদের জন্য আলাদা মেকাপ রুমের ব্যবস্থা করাসহ মনিটর সংযোজন এবং মেকাপ আর্টিস্টের সংখ্যা বৃদ্ধিসহ আলাদা ওয়াশরুমের ব্যবস্থা করার জন্য সভায় উপস্থিত সংবাদ পাঠক-পাঠিকাবৃন্দ অনুরোধ জানান।<br>**সিদ্ধান্ত:** চট্টগ্রাম কেন্দ্রের অবকাঠামোগত উন্নয়ন হলে সংবাদ পাঠক-পাঠিকাদের জন্য আলাদা মেকাপ রুম ও আলাদা ওয়াশরুমের ব্যবস্থা করা হবে। এছাড়া মেকাপের সমস্যা দূরীকরণে প্রয়োজনে ০২ জন মেকাপ আর্টিস্ট সাময়িকভাবে নিয়োজনের ব্যবস্থা করতে হবে। | জেনারেল ম্যানেজার |
| ০৪. | সরাসরি অনুষ্ঠান | বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রে সরাসরি অনুষ্ঠান সম্প্রচার সম্প্রচারের জন্য ব্যাকপ্যাকের প্রয়োজনীয়তার সভায় আলোচনা হয়।<br>সিদ্ধান্ত: সরাসরি অনুষ্ঠান সম্প্রচার সম্প্রচারের জন্য ব্যাকপ্যাকের প্রয়োজনীয়তা উল্লেখপূর্বক সদর দপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে। | প্রযোজক (বার্তা) |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৫. | এফটিপি সার্ভার | ইতিপূর্বে চট্টগ্রাম কেন্দ্রে দ্রুত গতির ইন্টারনেট সরবরাহ করা হয়েছে। কিন্তু বিটিভি, ঢাকা কেন্দ্রের ন্যায় এফটিপি সার্ভার না থাকায় বড় সংবাদের ফুটেজ আদান প্রদানে সমস্যা হচ্ছে। এ পরিপ্রেক্ষিতে চট্টগ্রাম কেন্দ্রে এফটিপি সার্ভার স্থাপন/ঢাকা কেন্দ্রের এফটিপি সার্ভার চট্টগ্রাম কেন্দ্রে ব্যবহারের বিষয়ে সভায় আলোচনা হয়। এছাড়া ছবির গুনগত মান বৃদ্ধিসহ স্টুডিওতে সংবাদ উপস্থাপকের সাথে যোগাযোগ স্থাপনের জন্য টকব্যাক স্থাপনের বিষয়ে সভায় আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত:** চট্টগ্রাম কেন্দ্রে এফটিপি সার্ভার স্থাপন/ঢাকা কেন্দ্রের এফটিপি সার্ভার চট্টগ্রাম কেন্দ্রে ব্যবহার এবং নিউজে টকব্যাক স্থাপন করতে হবে। | ইঞ্জিনিয়ারিং ম্যানেজার |
| ০৬. | অডিও বুথ স্থাপন | বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রে কোন অডিও বুথ নেই। ফলে অনুষ্ঠান ও নিউজের ভয়ের রেকর্ডিং বাহির থেকে করতে হয়। এ পরিপ্রেক্ষিতে চট্টগ্রাম কেন্দ্রে একটি অডিও বুথ স্থাপনের বিষয়ে সভায় আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত:** বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রে অডিও বুথ স্থাপন করতে হবে। | ইঞ্জিনিয়ারিং ম্যানেজার |
| ০৭. | স্ক্রীনের গুনগত মান বৃদ্ধি ও ক্যামেরা সংযোগ | স্ক্রীনের গুনগত মান আরও বৃদ্ধি, নিউজ ব্যাকগ্রাউন্ড পরিবর্তন এবং স্ক্রলের জন্য ইনসিগনিয়া তৈরী ও কালার পরিবর্তনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। চট্টগ্রাম কেন্দ্রে সংবাদ ধারণ ও বহি:দৃশ্য ধারণে যে ক্যামেরা ব্যবহৃত হচ্ছে তা দীর্ঘ দিনের পুরোনো (২০০৪ সালে প্রেরণকৃত) হওয়ায় ক্যামেরার spare parts পাওয়া যায় না। এ পরিপ্রেক্ষিতে নতুন ক্যামেরা ও ট্রাইপডের প্রয়োজনীয়তার বিষয়ে সভায় আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত:** স্ক্রীনের গুনগত মান আরও বৃদ্ধির পাশাপাশি নিউজ ব্যাকগ্রাউন্ড পরিবর্তন এবং স্ক্রলের জন্য ইনসিগনিয়া তৈরী ও কালার পরিবর্তনের জন্য পরীক্ষা-নিরীক্ষা করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। এছাড়া নিউজ স্টুডিওতে কুল লাইট স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। নতুন একটি ক্যামেরা সরবরাহের জন্য সদর দপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে। | ইঞ্জিনিয়ারিং ম্যানেজার/ প্রযোজক (বার্তা) |
| ০৮. | অনুষ্ঠান ঘোষণা | বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রে স্বল্প সংখ্যক জনবল দিয়েই ২৪ ঘণ্টা অনুষ্ঠান সম্প্রচার কার্যক্রম পরিচালিত হচ্ছে। এই সীমিত সংখ্যক জনবল দিয়েই সম্প্রচার কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়।<br>সিদ্ধান্ত: বিটিভি, ঢাকা কেন্দ্রে বর্তমানে কোন অনুষ্ঠান ঘোষণা প্রচার করা হয়না। অনুষ্ঠান ঘোষণায় যে জনবল ও লজিস্টিক সাপোর্ট প্রয়োজন তা অন্যত্র ব্যবহার করলে জনবলের স্বল্পতা অনেকাংশে হ্রাস পাবে। ঢাকা কেন্দ্রের ন্যায় চট্টগ্রাম কেন্দ্রেও অনুষ্ঠান ঘোষণা বন্ধ করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | জেনারেল ম্যানেজার |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৯. | সংবাদে সরকারের বিভিন্ন উন্নয়নমূলক সংবাদ ও অনুষ্ঠানের ইএফপির সংখ্যা বৃদ্ধি, আগামি জাতীয় সংসদ নির্বাচনের সংবাদ সংগ্রহের গাড়ি ও জ্বালানী খাতে বাজেট বরাদ্দ বৃদ্ধি | বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র থেকে বর্তমানে ২৪ ঘণ্টা অনুষ্ঠান সম্প্রচার হচ্ছে। এ কেন্দ্রের রাজস্ব খাতভূক্ত গাড়ি মাত্র ০৬টি। তন্মধ্যে ০১টি মিনিবাস ও ০২টি মাইক্রোবাস ইএফপি ও সংবাদ সংগ্রহের কাজে ব্যবহারের অনুপযোগী। সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ড, মাননীয় মন্ত্রী, মাননীয় সংসদ সদস্য ও গণ্যমান্য ব্যক্তিদের বিভিন্ন অনুষ্ঠানের দৈনিক প্রায় ১০/১২টি সংবাদচিত্র ধারণ এবং ৪/৫টি বহি:দৃশ্য অনুষ্ঠান ধারণে প্রতিনিয়ত গাড়ি ব্যবহৃত হচ্ছে। অপরদিকে আগামি জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে বিভিন্ন সরকারি অনুষ্ঠানে সংবাদ সংগ্রহ করতে হচ্ছে। এছাড়া লোডশেডিংয়ের কারণে সম্প্রচার অব্যাহত রাখার স্বার্থে জেনারেটর ব্যবহারও অনেকাংশে বৃদ্ধি পেয়েছে। ফলে ২৪ ঘণ্টার সম্প্রচার কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে এবং সরকারের ভাবমূর্তি রক্ষার্থে চট্টগ্রাম কেন্দ্রে দু'টি গাড়ি প্রদানসহ জ্বালানী খাতে বাজেট বরাদ্দ বৃদ্ধির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। উল্লেখ্য, গত ২০২১-২২ অর্থ বছরে জ্বালানী খাতে বাজেট বরাদ্দ ছিল ১৯,০০,০০০/- টাকা কিন্তু ২০২২-২৩ অর্থ বছরে একই খাতে ১২,০০,০০০/- টাকা বাজেট বরাদ্দ প্রদান করা হয়েছে।<br>**সিদ্ধান্ত:** বিটিভি, চট্টগ্রাম কেন্দ্রে ০২টি গাড়ি প্রদান ও জ্বালানী খাতে বাজেট বরাদ্দ বৃদ্ধির জন্য প্রয়োজনীয়তা উল্লেখপূর্বক সদর দপ্তরে প্রস্তাব প্রেরণ করতে হবে। | জেনারেল ম্যানেজার |
| ১০. | শূন্য পদে জনবল প্রেরণ | বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রে ১৩৩টি অনুমোদিত পদের বিপরীতে ৯২ জন কর্মরত এবং ৪১টি শূন্য পদ রয়েছে। তন্মধ্যে ১১ জন বিভিন্ন কেন্দ্র/উপকেন্দ্রে সংযুক্ত আছেন। ফলে এ কেন্দ্রে রাজস্ব খাতে মাত্র ৫১ জন কর্মরত আছেন। চট্টগ্রাম কেন্দ্রে ক্রমান্বয়ে অনুষ্ঠান সম্প্রচার সময় বৃদ্ধি পেলেও সে অনুপাতে জনবল পদায়ন করা হয়নি। উল্লেখ্য, ০১ জন কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার, ০১ জন নিয়ন্ত্রক/মুখ্য চিত্রগ্রাহক, ০১ জন রক্ষণ প্রকৌশলী ও ০১ জন নির্বাহী প্রযোজক (বার্তা) এ কেন্দ্রে প্রেরণসহ শূন্য পদ পূরণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**সিদ্ধান্ত:** বিটিভি, চট্টগ্রাম কেন্দ্রে ২৪ ঘণ্টা অনুষ্ঠান সম্প্রচার কার্যক্রম অব্যাহত রাখার স্বার্থে বর্ণিত পদে জনবল পদায়সহ শূন্য পদের বিপরীতে জনবল পদায়নের জন্য সদর দপ্তরে একটি পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণ করতে হবে। | জেনারেল ম্যানেজার |

০৩। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১১/২২

অনুপ কুমার খাস্তগীর
উপমহাপরিচালক (বার্তা)

বিতরণঃ

০১। শাখা প্রধান ..........................(সকল), বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র।
০২। উপস্থিত কর্মকর্তা/সংবাদ পাঠক-পাঠিকাবৃন্দ, বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য।

০১। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
০২। উপমহাপরিচালক (অনুষ্ঠান), বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
০৩। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
০৪। পরিচালক (প্রশাসন), বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
০৫। পরিচালক (অর্থ), বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
০৬। পরিচালক (অনুষ্ঠান), বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।
০৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা (সভার কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
০৯। কার্যালয় নথি।

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়
সিস্টেম এনালিস্ট | প্রয়োজনীয় ব্যবস্থা নিন
প্রোগ্রামার-১ | উপস্থাপন করুন
প্রোগ্রামার-২ | কথা বলুন
পিএ | তাগিদ দিন
সিনিয়র সিস্টেম এনালিস্ট